বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

নিয়োগ বিজ্ঞপ্তি

এই বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত পদসমূহ পূরণের নিমিত্তে (জাতীয় বেতনস্কেল ২০১৫ অনুযায়ী) যোগ্যতা সম্পন্ন বাংলাদেশের নাগরিকদের নিকট হইতে দরখাস্ত আহবান করা যাইতেছে।

১। ৳:১২৫০০-৩০২৩০/- বেতন স্কেলে **"ড্রাফটসম্যান কাম-ক্যাড অপারেটর"** প্রকৌশল অফিসের ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে বি.এস.সি পাশ হইতে হইবে এবং সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে ড্রাফটসম্যান কাম ক্যাড বিষয়ে (Auto Cad, 3D Studio Max, Lumion, SkechUp, Revit ইত্যাদি) প্রশিক্ষণ প্রাপ্ত হইতে হইবে। অথবা এইচ.এস.সি পাশ সহ ভোকেশনাল ইন ড্রাফটিং -এ সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সম্পন্ন এবং কোন খ্যাতিমান প্রতিষ্ঠানে ড্রাফটসম্যান পদে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে + Auto Cad, 3D Studio Max, Lumion, SkechUp, Revit ইত্যাদিতে অভিজ্ঞতা থাকিতে হইবে।

২। ৳:১১৩০০-২৭৩০০/- বেতন স্কেলে **"হিসাব রক্ষক"** কম্পট্রোলার অফিসের ১টি স্থায়ী পদঃ প্রার্থীকে বাণিজ্য বিভাগে কমপক্ষে স্নাতক ডিগ্রীসহ কোন খ্যাতনামা প্রতিষ্ঠানে হিসাব রক্ষণ ও বাজেট প্রস্তুতকরণ কাজে ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা এবং ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতা থাকিতে হইবে।

৩। ৳:১১০০০-২৬৫৯০/- বেতন স্কেলে **"ল্যাবঃ ইন্সট্রাক্টর কাম-স্টোর কীপার"** (ক) পুরকৌশল বিভাগের ১টি স্থায়ী পদ এবং (খ) কেমিকৌশল বিভাগের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে বি.এস.সি পাসসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে প্রশিক্ষণ প্রাপ্ত এবং কমপক্ষে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। অথবা এইচ.এস.সি ভোকেশনাল/বিজ্ঞান বিভাগে পাসসহ সংশ্লিষ্ট লাইনে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৪। (ক) ৳:৯৭০০-২৩৪৯০/- বেতন স্কেলে **"ড্রাইভার"** (ভারী লাইসেন্স) / (খ) ৳: ৯৩০০-২২৪৯০/- (হাল্কা লাইসেন্স) ডিএইআরএস অফিসের অধীন অটোমোবাইল শপের ২ টি স্থায়ী পদ ঃ (ক) প্রার্থীকে অবশ্যই অষ্টম শ্রেণী পাশসহ ভারী গাড়ী চালানোর লাইসেন্সধারী হইতে হইবে এবং গাড়ী মেরামতের কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। (খ) প্রার্থীকে অবশ্যই অষ্টম শ্রেণী পাশসহ হালকা/ভারী গাড়ী চালানোর লাইসেন্সধারী হইতে হইবে এবং গাড়ী মেরামতের কাজে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৫। ৳:৯৩০০-২২৪৯০/- বেতন স্কেলে **"এলডিএ কাম-কম্পিউটার অপারেটর"** (ক) পুরকৌশল অনুষদের ১টি স্থায়ী পদ, (খ) রসায়ন বিভাগের ১টি স্থায়ী পদ, (গ) প্রকৌশল অফিসের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে অবশ্যই এইচ.এস.সি সমমানের পরীক্ষায় পাশসহ কমপক্ষে প্রতি মিনিটে বাংলা ২৫টি ও ইংরেজীতে ৩৫টি শব্দ কম্পিউটারে কম্পোজ করার দক্ষতাসম্পন্ন হইতে হইবে। ওয়ার্ড প্রসেসিং ও কম্পিউটার ডাটাবেজ-এ অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদেরকে অগ্রাধিকার দেওয়া যাইতে পারে।

৬। ৳:৯০০০-২১৮০০/- বেতন স্কেলে **"সহকারী ইলেকট্রিশিয়ান"** প্রকৌশল অফিসের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে সরকার অনুমোদিত কোন প্রতিষ্ঠান হইতে এস.এস.সি ভোকেশনাল ইন জেনারেল ইলেকট্রিক্যাল পাশ হইতে হইবে। অথবা প্রার্থীকে জে.এস.সি/ সমমানের পরীক্ষায় পাশসহ কোন খ্যাতনামা প্রতিষ্ঠানে বা ওয়ার্কশপে সহকারী ইলেকট্রিশিয়ান হিসাবে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ ৬ (ছয়) মাসের ট্রেনিং কোর্স সম্পাদনের সার্টিফিকেটধারী হইতে হইবে।

৭। ৳:৯০০০-২১৮০০/- বেতন স্কেলে **"ল্যাবঃ এটেনডেন্ট"** (ক) যন্ত্রকৌশল বিভাগের ২টি স্থায়ী পদ, (খ) পুরকৌশল বিভাগের ২টি স্থায়ী, (গ) তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল বিভাগের ৪টি স্থায়ী পদ, (ঘ) বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের ২টি স্থায়ী পদ, (ঙ) জিডপাস-এর ১টি স্থায়ী পদ এবং (চ) আইআইসিটি -এর ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এইচ.এস.সি (বিজ্ঞান) বা সমমানের পরীক্ষায় পাশ সহ সংশ্লিষ্ট কাজে ১ (এক) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৮। ৳:৯০০০-২১৮০০/- বেতন স্কেলে **"লিফ্টম্যান"** প্রকৌশল অফিসের ৪টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে এস.এস.সি/সমমানের পরীক্ষায় পাশ এবং ২ (দুই) বৎসর মেয়াদী ইলেকট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স-এ ট্রেড সার্টিফিকেটসহ লিফ্ট অপারেটিং ও রক্ষণাবেক্ষণ কাজে ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে। লিফ্ট সংক্রান্ত অধিকতর যোগ্যতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধীকার দেওয়া হইবে।

৯। ৳:৮৮০০-২১৩১০/- বেতন স্কেলে **"ডেসপাস রাইডার"** রেজিস্ট্রার অফিসের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে ২(দুই) বৎসরের অভিজ্ঞতাসহ এস.এস.সি পাশ এবং বিশ্বস্ততার সাথে শক্ত কাজ করার সামর্থসম্পন্ন হইতে হইবে।

১০। ৳: ৮২৫০-২০০১০/- বেতন স্কেলে **"এমএলএসএস"** (ক) যন্ত্রকৌশল অনুষদ -এর ১টি স্থায়ী পদ, (খ) ডিএইআরএস অফিসের ১টি স্থায়ী পদ, (গ) সোহরাওয়ার্দী হলের ১টি স্থায়ী পদ, (ঘ) স্থাপত্য বিভাগের ১টি স্থায়ী পদ, (ঙ) ডঃ এম এ রশীদ হলের ১টি স্থায়ী পদ, (চ) রেজিস্ট্রার অফিসের ১টি স্থায়ী পদ ঃ প্রার্থীকে জেএসসি/সমমানের পরীক্ষায় পাশসহ সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন হইতে হইবে।

বিঃ দ্রঃ- ক্রমিক নং ৪ ও ১০ ব্যাতীত অন্যান্য পদে প্রার্থীর শিক্ষা জীবনে কোন স্তরে তৃতীয় বিভাগ/ শ্রেণী গ্রহণ যোগ্য নয়। ''অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোন একটি স্তরে শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/ শ্রেণী) শিথিলযোগ্য। তবে ১১/০৫/২০১৫ তারিখের পরে যাহারা এই বিশ্ববিদ্যালয়ে নিযুক্ত হইয়াছেন এবং ডিগ্রী অর্জন করিয়াছেন তাহাদের ক্ষেত্রে এই শিথিলতা প্রযোজ্য হইবে না।"

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

বাংলায় নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা, অভিজ্ঞতা, জন্ম তারিখ ও মোবাইল নম্বর ইত্যাদি উল্লেখ পূর্বক ভোটার আইডি কার্ড, জন্ম নিবন্ধন সনদসহ সকল প্রকার সনদপত্রের সত্যায়িত কপি ও সদ্য তোলা পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবিসহ কম্পিউটারে মুদ্রিত দরখাস্ত রেজিস্ট্রার -এর বরাবরে পৌছাইতে হইবে। প্রার্থীত পদের নাম, অফিস/ বিভাগের নাম আবেদনে সুস্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

কম্পট্রোলার, প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের অনুকূলে প্রতিটি পদে ১ নং পদ হইতে ৮ নং পদের ক্রমিকের জন্য ৩০০/- (তিনশত) টাকার এবং ৯ ও ১০নং ক্রমিকের পদের জন্য ১৫০/-(একশত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/ পেঅর্ডার (ঢাকা মহানগরীর যে কোন বাণিজ্যিক ব্যাংকের শাখার উপর জারীকৃত) অথবা কম্পট্রোলার অফিসের সাথে যোগাযোগ করিয়া হিসাব শাখা কর্তৃক প্রদত্ত নির্ধারিত জমা রশিদের মাধ্যমে সোনালী ব্যাংক, বুয়েট শাখায় নগদ অর্থ জমা প্রদান পূর্বক রশিদের অংশ দরখাস্তের সহিত জমা দিতে হইবে। পোষ্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়। কর্তৃপক্ষ কোন কারণ ব্যতিরেকে এই নিয়োগ প্রক্রিয়া গ্রহণ/ বাতিল/ পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ প্রক্রিয়ায় কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। চাকুরীরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে। বিস্তারিত তথ্যের জন্য বুয়েট ওয়েব সাইটে (www.buet.ac.bd/regoffice) দেখা যাইতে পারে অথবা বুয়েটের নোটিশ বোর্ডে খোঁজ নেওয়া যাইতে পারে।

দরখাস্ত দাখিলের শেষ তারিখ : ০২/ ০৪/ ২০১৮ তারিখ বিকাল ৪-৩০ মিনিট পর্যন্ত।

রেজিস্ট্রার

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

১। সিস্টেম এনালিস্ট, রেজিস্ট্রার অফিস। সংশ্লিষ্ট নিয়োগ বিজ্ঞপ্তি বুয়েট -এর ওয়েব সাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য।
২। সকল অফিস/ বিভাগের নোটিশ বোর্ডে ব্যাপক প্রচারের অনুরোধ জানানো যাইতেছে।